



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ভেদরগঞ্জ, শরীয়তপুর
cooperative.bhedarganj.shariatpur.gov.bd



স্মারক নং : ৪৭.৬১.৮৬১৪.০০০.০০০.৩৪.২০২১.২৫০(২৪)

তারিখ : ২৮-০৯-২০২৫ খ্রি।

বিষয় : অভিন্ন ভর্তি ফরম, সমিতির নামে ব্যাংক হিসাব চালুকরণ, সমিতির স্থাবর সম্পদের আর্থিক মূল্য পুনঃ নির্ধারণ করে শেয়ারের মূল্য পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : ০১। সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর : ৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.০৬.৯১, তারিখ : ০৬-০৪-২০২৫ খ্রি।

০২। সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর : ৪৭.৬১.০০০০.০৬৫.০৩৭.০৫৮.২৪.১০২, তারিখ : ২৩-০৪-২০২৫ খ্রি।

০৩। সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর : ৪৭.৬১.০০০০.০০০.০৬৫.২২.০০০৫.২১.২৯৭, তারিখ : ১৭-০৯-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে ভেদরগঞ্জ উপজেলাধীন সকল সমবায় সমিতিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্ব ০১ নম্বর স্মারকপত্র নতুন সদস্য ভর্তি করার ক্ষেত্রে সদস্যদের নিকট হতে আদায়কৃত ভর্তি ফি, শেয়ারের আদায়কৃত মূল্য ও আদায়কৃত সঞ্চয়ের অর্থ অবশ্যই সমিতির নামীয় ব্যাংক হিসাব নম্বরে জমা দিয়ে সদস্য ভর্তির প্রক্রিয়া/কার্যক্রম সম্পন্ন করতে হবে। এর প্রমাণক সমিতিতে সংরক্ষণ করতে হবে। এর অন্যথা ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে।

০২। সূত্রস্ব ০২ নম্বর স্মারকপত্র দ্বারা সারা দেশে যুগপোযোগী এক ও অভিন্ন সদস্য ভর্তি ফরম প্রস্তুত করে তার নমুনা সরবরাহ করা হয়েছে (কপি সংযুক্ত : ০১)। কাজেই ভেদরগঞ্জ উপজেলাধীন সকল সমবায় সমিতিতে নমুনা অনুসারে সদস্য ভর্তি ফরম প্রস্তুত করে তদানুযায়ী নতুন সদস্য ভর্তিসহ বিদ্যমান সদস্যদের তথ্য নতুন ভর্তি ফরমে সংরক্ষণ করে তার প্রতিটির এক প্রস্থ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই জমাদান করতে হবে।

০৩। সূত্রস্ব ০২ নম্বর স্মারকপত্র সমিতির অর্থায়ণে ক্রয়কৃত ও সমিতির মালিকানাধীন স্থাবর সম্পদের পূর্ণ মূল্যায়ণ করে পূর্ণ মূল্যায়িত সম্পদের মূল্য অনুপাতে শেয়ারের মূল্য পুনঃ নির্ধারণ করে নতুন ভাবে শেয়ারের মূল্য নির্ধারণ করতঃ সদস্য ভর্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। স্থাবর সম্পদের আর্থিক মূল্য পুনঃ নির্ধারণ পদ্ধতি সংক্রান্ত নির্দেশনার কপি সংযুক্ত। স্থাবর সম্পদের আর্থিক মূল্য পুনঃ ও শেয়ারের মূল্য পুনঃ নির্ধারণ সংক্রান্ত তথ্য ও হিসাব বিবরণী দুই প্রস্থ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই জমাদান করতে হবে।

০৪। সমিতির নামে অবশ্যই জরুরী ভিত্তিতে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে হিসাব নম্বর চালু করে তার প্রমাণক দাখিল করতে হবে।

উপরোল্লিখিত নির্দেশনা অনুসারে কার্য সম্পন্ন না করা হলে বা এর অন্যথা ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ

জনাব

সভাপতি/সম্পাদক

..... লিঃ।


নিবন্ধন নম্বর :

তারিখ :

গ্রাম : ডাকঘর :

উপজেলা : ভেদরগঞ্জ,

জেলা : শরীয়তপুর।


(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
ভেদরগঞ্জ, শরীয়তপুর।


স্মারক নং : ৪৭.৬১.৮৬১৪.০০০.০০০.৩৪.২০২১.২৫০(২৪)/১

তারিখ : ২৮-০৯-২০২৫ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর।

০২। অফিস নথি।


(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
ভেদরগঞ্জ, শরীয়তপুর।